



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
তুলা উন্নয়ন বোর্ড  
প্রশাসন শাখা  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।  
[www.cdb.gov.bd](http://www.cdb.gov.bd)

নম্বর: ১২.০৭.০০০০.১০১.২৭.০০১.১৮.১৩৪

তারিখ: ৯ আষাঢ়, ১৪২৭

২৩ জুন ২০২০

### অফিস আদেশ

যেহেতু জনাব মোঃ রেজাউল করিম, কটন ইউনিট অফিসার, তুলা উন্নয়ন বোর্ড, বগুড়া জোন, বগুড়া গত ২২/০৭/২০১৯ হতে ১৯/১১/২০১৯ পর্যন্ত মোট ১২১ (একশত একুশ) দিন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং ইহাতে তার কর্তব্য কাজে অদক্ষতা, গাফিলতি ও চরম অবহেলা প্রতীয়মান হয়েছে;

যেহেতু আপনার বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির বিষয়টি তদন্তের জন্য গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) এবং ২(খ) এর (অ) এবং (আ) ধারা মোতাবেক আপনাকে “অসদাচরণ” এর দায়ে দোষী বলে সাব্যস্ত করা হয়েছে;

যেহেতু আপনি (জনাব মোঃ রেজাউল করিম, কটন ইউনিট অফিসার, তুলা উন্নয়ন বোর্ড, বগুড়া জোন, বগুড়া) কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ অগ্রাহ্য করায় আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) এবং ৩(গ) মোতাবেক “অসদাচরণ” ও “পলায়ন (desertion)” এর দায়ে অভিযুক্ত করে অত্র দপ্তরের ২২/০৩/২০২০ তারিখের ১২.০৭.০০০০.১০১.৩১(৩).০১১.১৯.১৬৪২ নং স্মারক মূলে মামলা (মামলা নং-০১/২০২০) রুজু করে কারণ দর্শানোর জন্য অভিযোগনাম ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়।

যেহেতু উক্ত অভিযোগের কারণ দর্শানোর নোটিশের জবাবে তিনি ব্যক্তিগত শুনানী চান এবং গত ১৪/০৬/২০২০ তারিখে উক্ত শুনানী কার্যক্রম তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তরে অনুষ্ঠিত হয় এবং তার লিখিত জবানবন্দি প্রদান করেন।

যেহেতু তার লিখিত জবানবন্দি ও মামলা সংক্রান্ত যাবতীয় কাগজপত্র যাচাই পূর্বক তার বিরুদ্ধে আনিত সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) এবং ৩(গ) ধারা মোতাবেক “অসদাচরণ” ও “পলায়ন (desertion)” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমানিত হওয়ায় উক্ত অপরাধে তাকে দোষী সাব্যস্ত করে উক্ত বিধিমালা’র ৪(২)(খ) এবং ৪(৫)(ঘ) ধারা মোতাবেক তাকে নিম্নবর্ণিত শাস্তি প্রদান করা হলো। শাস্তিসমূহ সংশ্লিষ্ট কর্মচারীর চাকুরী বহিতে লিপিবদ্ধ থাকবে।

১। ১ (এক)টি বার্ষিক বর্ধিত বেতন সাময়িকভাবে স্থগিত করা হলো। যা পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

২। গত ২২/০৭/২০১৯ হতে ১৯/১১/২০১৯ পর্যন্ত মোট ১২১ (একশত একুশ) দিন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির দিনগুলো বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো।

২৩-৬-২০২০


ড. মোঃ ফরিদ উদ্দিন  
নির্বাহী পরিচালক

নম্বর: ১২.০৭.০০০০.১০১.২৭.০০১.১৮.১৩৪/১(৬)

তারিখ: ৯ আষাঢ়. ১৪২৭  
২৩ জুন ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, তুলা উন্নয়ন বোর্ড, রংপুর অঞ্চল, রংপুর।
- ২) প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, জোনাল কার্যালয়, বগুড়া। পত্রে বর্ণিত শাস্তিসমূহ সংশ্লিষ্ট কর্মচারীর চাকুরী বহিতে লিপিবদ্ধ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।
- ৩) আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা। তুলা উন্নয়ন বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৪) জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বগুড়া।
- ৫) হিসাবরক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), হিসাব শাখা, তুলা উন্নয়ন বোর্ড।
- ৬) জনাব মোঃ রেজাউল করিম, কটন ইউনিট অফিসার, তুলা উন্নয়ন বোর্ড, বগুড়া জোন, বগুড়া।



২৩-৬-২০২০

শাপুর বখতিয়ার মোহাম্মদ সুমন  
প্রশাসনিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)